

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের দপ্তর
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

www.fireservice.chittagongdiv.gov.bd

২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় নৈতিকতা কমিটি ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মো: আনিসুর রহমান, উপপরিচালক
সভার তারিখ	:	১১/১২/২০২২ খ্রি.
সময়	:	১১.০০ ঘটিকা
স্থান/মাধ্যম	:	অনলাইন প্লাটফর্ম জুম
উপস্থিতির তালিকা	:	অনলাইনে সংযুক্ত কর্মকর্তাদের তালিকা 'পতাকা-ক'

২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় নৈতিকতা কমিটির ২য় সভায় জুম অনলাইনে সংযুক্ত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। উপস্থিত কর্মকর্তাগণ জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য উন্মুক্ত আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ত্রৈমাসিক প্রতিবেদন	নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
২.	মূল্যায়নের নির্দেশনা বাস্তবায়ন	ক) অধীনস্থ কার্যালয়সমূহের ত্রৈমাসিক প্রতিবেদনের বিভিন্ন কার্যক্রমের মূল্যায়ণ করে ফিডব্যাক প্রদান। খ) সম্পন্নকৃত কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ। গ) লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে গুনগতমান নিশ্চিত করা।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৩.	ওয়েবসাইট হালনাগাদ	প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাদি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৪.	বিভিন্ন সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন	সকল দপ্তর নৈতিকতা কমিটির সভাসহ অন্যান্য সভা নিয়মিত আয়োজন (জালানী সাশ্রয়ের নিমিত্ত অনলাইনে অগ্রাধিকার দিয়ে সভার আয়োজন) করতে হবে এবং শুদ্ধাচার পরিকল্পনার গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৫.	প্রশিক্ষণ	কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৬.	কর্ম পরিবেশ উন্নয়ন	ক) অত্র দপ্তরসহ আওতাধীন কার্যালয়ে কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে নথি বিনষ্টকরণ জন্য সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৭.	বিবিধ	ক) জালানী সাশ্রয়ের নিমিত্ত সরকারি যানবাহনের যথাযথ	এডি/ডিএডি

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		ব্যবহার নিশ্চিত করতে হবে। গ) বিদ্যুৎ সাশ্রয়ের জন্য সরকার/অধিদপ্তরের গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন করতে হবে।	(সকল, চট্টগ্রাম বিভাগ)

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বঃ-


মো: আনিসুর রহমান
উপপরিচালক

স্মারক নং-৫৮.০৩.২০০০.০০১.০১.০৪৫-২০২২- ৪৩৭৫/২২

তারিখ: ১২/১২/২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম/কুমিল্লা/নোয়াখালী/রাঙ্গামাটি/বান্দরবান।
৩. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম (জোন-১/২/৩)/
কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৪. ফোরম্যান, বিভাগীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম।
৫. মবিলাইজিং অফিসার, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম (তাকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৬. অফিস নথি।


মোঃ আনিসুর রহমান
উপপরিচালক